নরসিংদীতে তিন দিনব্যাপী তরুণ নেতৃত্ব বিকাশ বিষয়ক প্রশিক্ষণ

নরসিংদী:: দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর আয়োজনে নরসিংদী সদর পিস ফ্যাসিলিটেটর গ্রুপ (পিএফজি)’র সহযোগিতায় ইয়ুথ পিস অ্যাম্বাসেডর গ্রুপ (ওয়াইপিএজি)’র তিন দিনব্যাপী তরুণ নেতৃত্ব বিকাশ বিষয়ক প্রশিক্ষণ গত ০৮ নভেম্বর ২০২৫ তারিখ থেকে নরসিংদী এলজিএডি ভবনের কামরুল ইসলাম সিদ্দিক মিলনায়তনে শুরু হয়েছে। এতে নরসিংদী সদরের বিভিন্ন কলেজের এবং বিভিন্ন সংগঠনের ১৯ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের প্রশিক্ষণ কর্মকর্তা মোঃ মনিরুজ্জামান, তনুজা কামাল, ফিল্ড কোঅর্ডিনেটর রিপন আচার্য। দ্বিতীয় দিনের প্রশিক্ষণের উদ্বোধনী পর্বে পিএফজি কোঅর্ডিনেটর সাংবাদিক হলধর দাসের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নরসিংদী সদর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোঃ রফিকুল ইসলাম মিজি। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, যুব সমাজ হচ্ছে যে কোনো দেশের ভবিষ্যত। এই যুব সমাজকে দক্ষ জনশক্তিতে পরিণত করতে পারলে তা হবে দেশের সম্পদ। ১৯৫২ সালের ভাষা আন্দোলন থেকে শুরু করে ২০২৪ এর জুলাই গণঅভ্যুত্থান পর্যন্ত অধিকার আদায়ের যে সকল সংগ্রাম সেখানে সবচেয়ে বেশি আত্মত্যাগ স্বীকার করেছে যুব সম্প্রদায়। তিনি বলেন, যুব সমাজই দেশের চালিকাশক্তি। দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের উদ্যোগে নরসিংদীর তরুণদের নেতৃত্ব বিকাশ বিষয়ক প্রশিক্ষণকে তিনি একটি অনন্য উদ্যোগ বলে সাধুবাদ জানান এবং অংশগ্রহণকারী তরুণেরা আগামী দিনে নরসিংদী তথা দেশকে নেতৃত্ব দেবে বলে আশাবাদ ব্যক্ত করেন।